

বাংলাদেশ দূতাবাস  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সিউল, দক্ষিণ কোরিয়া



Embassy of  
the People's Republic of Bangladesh  
Seoul, Republic of Korea  
“মুক্তিবর্ষের কূটনীতি, প্রগতি ও সম্প্রীতি”

## সংবাদ বিজ্ঞপ্তি

### ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে দক্ষিণ কোরিয়ায় বাংলা নববর্ষ-১৪২৯ উদ্‌যাপন

বাংলাদেশ দূতাবাস, সিউল আজ ১৫ মে ২০২২ তারিখে সিউলের ইয়নপিয়ং কালচার এন্ড আর্টস সেন্টারের মিলনায়তনে ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে বাংলা নববর্ষ-১৪২৯ উদ্‌যাপন করেছে। এ অনুষ্ঠানে দক্ষিণ কোরিয়ায় বসবাসরত প্রায় ৩ শতাধিক প্রবাসী বাংলাদেশীগণ ও তাদের পরিবারবর্গ স্বতঃস্ফূর্তভাবে ও সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন।

০২। এ উপলক্ষ্যে মিলনায়তন ও এর সংলগ্ন স্থানে ব্যানার, ফেস্টুন, বেলুন ইত্যাদি দিয়ে সুসজ্জিত করা হয় এবং বাংলাদেশের ঐতিহ্যবাহী হস্তশিল্প সামগ্রী প্রদর্শন করা হয়। এ অনুষ্ঠানের অন্যতম আকর্ষণ ছিলো বর্ণিল মঞ্জল শোভাযাত্রা যা ইউনেস্কোর সাংস্কৃতিক ঐতিহ্য হিসেবে স্বীকৃত। বর্ণিল পোষাকে সজ্জিত হয়ে রঙ-বেরঙের মুখোশ, ব্যানার ও ঐতিহ্যবাহী বাদ্যযন্ত্র নিয়ে উপস্থিত প্রবাসী বাংলাদেশীগণ মিলনায়তন সংলগ্ন রাস্তায় এই শোভাযাত্রায় অংশগ্রহণ করেন।

০৩। দক্ষিণ কোরিয়ায় নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত তাঁর বক্তব্যে সবাইকে বাংলা নববর্ষের শুভেচ্ছা জানান এবং আশা প্রকাশ করেন যে, বাংলা নতুন বছর সবার জন্য নতুন আশা, সুখ-সমৃদ্ধি ও শান্তি বয়ে নিয়ে আসবে।

০৪। বর্ষবরণ অনুষ্ঠান উপলক্ষ্যে আয়োজিত সাংস্কৃতিক পর্বে দূতাবাস পরিবার ও প্রবাসী বাংলাদেশীগণ ‘এসো হে বৈশাখ’ গান পরিবেশনার মধ্য দিয়ে বাংলা নতুন বছরকে স্বাগতম জানান। এ পর্বে দূতাবাস পরিবার ও প্রবাসী বাংলাদেশী শিল্পীরা লোক সঙ্গীত, নাচ ও কবিতা পরিবেশন করেন। অনুষ্ঠানে শিশু-কিশোর ও মহিলাদের জন্য খেলাধুলার আয়োজন করা হয় এবং রাষ্ট্রদূত দেলওয়ার হোসেন বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। পরিশেষে, উপস্থিত অতিথিদের ঐতিহ্যবাহী পান্তা-ইলিশ, কয়েক পদের ভর্তা ও মিষ্টি দিয়ে আপ্যায়ন করা হয়।

সিউল, ১৫ মে ২০২২।

